



ISO 9001:2015 Certified

## ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২

নবাবগঞ্জ, ঢাকা।

Website: <https://pbs2.dhaka.gov.bd>

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত পদসমূহে শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতাসহ প্রয়োজনীয় দক্ষতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
১	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সরেফিক্ত)	০১ জন	পবিস বেতন কার্ঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ টাকা হতে ৪৬,২৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	বয়স: ১০/০৬/২০২৬ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর/সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে থাকতে হবে। বয়স প্রমাণক হিসেবে এসএসসি/সমমানের সনদ বিবেচিত হবে। বয়স প্রমাণে এক্সিডেভিট গ্রহণযোগ্য নয়।	(ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ন্যূনতম ২.০০ (জিপিএ ৫.০০ এর মধ্যে) থাকতে হবে। কোনক্রমে তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য নয়। (খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে টাইপিং গতি প্রতি মিনিটে যথাক্রমে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। (গ) কম্পিউটার সম্পর্কিত পর্যাপ্ত জ্ঞান থাকা এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। (ঘ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরামচিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) সুন্দর ও পরিচ্ছন্ন কাজের সক্ষমতা থাকতে হবে। (চ) সঠিক ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্বন্ধে যথাযথ জ্ঞান থাকা আবশ্যিক। (ছ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং, এক্সেল, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এবং কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	ঢাকা পবিস-২ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী অর্থাৎ ঢাকা জেলার নবাবগঞ্জ ও দোহার উপজেলা, মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার শায়েস্তা ইউনিয়ন ও হরিরামপুর উপজেলার ধুলতারা ইউনিয়ন, মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাড়ৈখালী ইউনিয়ন এবং ফরিদপুর জেলার সদরপুর উপজেলার নারিকেলবাড়ীয়া ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২	অফিস সহায়ক	০১ জন	পবিস বেতন কার্ঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০.০০ টাকা হতে ৩৯,১৭০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।		(ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই সং, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। (গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। (ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।	

বি.দ্র: আবেদনকারীকে নিয়োগ বিজ্ঞপ্তি, নিয়োগের যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (<https://pbs2.dhaka.gov.bd>) হতে সংগ্রহ করতে হবে।

(মোঃ খালেদুল ইসলাম)

জেনারেল ম্যানেজার

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২

Email-dhakapbs2@gmail.com